



সমরোতা স্মারক

এই সমরোতা স্মারকটি ১৫ই জুন ২০১৭ তারিখে তৈরীকৃত এবং এটি নগর উন্নয়ন অধিদপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ৮২

সেগুনবাগিচা, ঢাকা-১০০০ ও ব্র্যাক, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২ এর মধ্যে স্বাক্ষরিত

যাতের দশকের পর থেকে বাংলাদেশে অর্থনৈতিক উন্নয়ন ও জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে দ্রুত নগরায়ন হতে শুরু হয়। এরই ফলশ্রুতিতে নগরীর ভৌত ও অবকাঠামোগত পরিকল্পনার প্রয়োজনীয়তা দেখা দেয়। দ্রুত নগরায়নকে মাথায় রেখে ১৭ই জুন ইং ১৯৬৫ নগর উন্নয়ন অধিদপ্তর প্রতিষ্ঠা লাভ করে। জন্মলাভের পর থেকে নগর উন্নয়ন অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। নগর উন্নয়ন অধিদপ্তর সরকারের কেন্দ্রীয় নগর ও আঞ্চলিক পরিকল্পনা প্রণয়নকারী সংস্থা, যা নগরায়ন ও ভূমি ব্যবহার সম্পর্কিত বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করে; জাতীয়, আঞ্চলিক ও স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রণয়ন করে এবং নগরায়ন সংক্রান্ত গবেষণা পরিচালনা ও এ সকল বিষয়ে তথ্য সংগ্রহ করে।

এবং

ব্র্যাক একটি বেসরকারী উন্নয়ন সংস্থা, দারিদ্র্য দূরীকরণ ও জনগনের ক্ষমতায়নের মাধ্যমে উন্নয়ন সাধনে বদ্ধপরিকর। ব্র্যাক সাম্প্রতিককালে টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নগরীর দারিদ্র্য জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান, সুপোর্য পানি, নিরাপদ মাতৃত্ব, সুপরিকল্পিত টেকসই নগরায়ন, সামাজিক নিরাপত্তা ইত্যাদি নিশ্চিতকরণের লক্ষ্যে মাল্টিসেন্টারাল পার্টনারের সাথে সমন্বিত কার্যক্রম বাস্তবায়ন করে আসছে।

অন্যান্য অংশ

নগরীতে বসবাসরত স্বল্প আয়ের লোকের দারিদ্র্য বিমোচন ও জীবনযাত্রার মান উন্নয়নে ভূমিকা রাখে এমন কাজের সম্প্রসারণ করার জন্য ব্র্যাক, নগর উন্নয়ন অধিদপ্তরের সাথে যৌথভাবে কাজ করতে আগ্রহী।

নগর উন্নয়ন অধিদপ্তর ও ব্র্যাক সম্মিলিতভাবে “পক্ষের” ও এককভাবে প্রত্যেক “পক্ষ” হিসেবে বিবেচিত হবে।

যেখানে:

নগর উন্নয়ন অধিদপ্তর (অতঃপর ইহাতে সরকারী কর্তৃপক্ষ হিসেবে উল্লেখ করা হয়েছে)

এবং

ব্র্যাক এর পক্ষে আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম (অতঃপর ইহাতে বাস্তবায়নকারী কর্তৃপক্ষ হিসেবে উল্লেখ করা হয়েছে)।

১. সমরোতা স্মারক সম্পাদনের উদ্দেশ্য সমূহ :

জাতিসংঘ টেকসই উন্নয়নের(SDG) লক্ষ্যমাত্রা, Sendai Framework, HABITAT-III New Urban Agenda, ইত্যাদি অর্জনের লক্ষ্যে নগরীর দারিদ্র্য জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান, সামাজিক নিরাপত্তা ইত্যাদি নিশ্চিতকরণের লক্ষ্যে নগর পরিকল্পনায় স্থানীয় জনগনের সমস্যা সমূহকে প্রাধান্য দিয়ে নগর পরিকল্পনা গ্রহনের জন্য ব্র্যাক ও নগর উন্নয়ন অধিদপ্তর যৌথভাবে কার্য সম্পাদন করা। পরিবেশবান্ধব নগর পরিকল্পনা প্রণয়নে দারিদ্র্য জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণের জন্য কমিউনিটিকে মোবিলাইজ করা, জনগণকে সম্পৃক্ত করা ও নগর পরিকল্পনায় তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তরকে সহযোগিতা প্রদান করা। নগর পরিকল্পনা বাস্তবায়নকারী সংস্থা সমূহের সাথে নিয়মিত ডায়ালগ করা ও জনগণকে সচেতন করার জন্য বিভিন্ন প্রকার কার্যক্রম বাস্তবায়নে নগর উন্নয়ন অধিদপ্তরকে সহযোগিতা প্রদান করা।

২. ব্র্যাকের দায়িত্ব সমূহ :

- ক) পরিবেশবান্ধব নগর/অঞ্চল পরিকল্পনা গ্রহনের জন্য বিভিন্ন প্রকার সচেতনতা কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা প্রদান করা এ লক্ষ্যে বিভিন্ন প্রকার কার্যক্রম যেমন এফজিডি, পিআরএ ইত্যাদি বাস্তবায়নে নগর উন্নয়ন অধিদপ্তরকে সহযোগিতা প্রদান করা
- খ) নগর/অঞ্চল পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে নগরবাসীর অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য কমিউনিটি মোবিলাইজেশন করা
- গ) নগর উন্নয়ন অধিদপ্তর প্রনীত পরিকল্পনায় প্রাণিক জনগনের বিষয়ে যে সকল প্রস্তাবনা আছে সেগুলো বাস্তবায়নে নগর/অঞ্চল পরিকল্পনা বাস্তবায়নকারী সংস্থার সাথে অ্যাডভোকেসি করা

৩. নগর উন্নয়ন অধিদপ্তরের দায়িত্ব সমূহ :

- ক) পরিবেশবান্ধব ও দূর্বোগ সহনীয় নগর/অঞ্চল পরিকল্পনা প্রণয়নে ব্র্যাকের সাথে যৌথভাবে কার্য সম্পাদনে কারিগরী সহায়তা প্রদান করা
- খ) পরিকল্পনা প্রণয়নে সকল স্তরের জনগনের সাথে বিশেষ করে প্রাণিক জনগোষ্ঠীকে সংযুক্তকরণের মাধ্যমে নগর/অঞ্চল পরিকল্পনা প্রণয়ন করা

৪. যৌথ কার্যক্রম সমূহ ৪

- ক) পরিবেশবান্ধব নগর পরিকল্পনা গ্রহনে ইস্যুভিতিক গবেষণা করা ও গবেষণালক্ষ ফলাফলের ভিত্তিতে সেমিনার, কর্মশালা, সিস্পোজিয়াম ইত্যাদি আয়োজন করা
- খ) বিভিন্ন প্রকার যৌথ কার্যক্রম যেমন ইস্যু ভিত্তিক দিবস উদযাপন, ডায়ালগ ইত্যাদি আয়োজন করা
- গ) বাস্ত উন্নয়ন ও স্বল্প মূল্যের গৃহায়ন ইস্যুতে ব্র্যাক ও নগর উন্নয়ন অধিদপ্তর যৌথভাবে পরিকল্পনা প্রণয়ন(প্রজোয় ক্ষেত্রে) ও বাস্তবায়ন করা
- ঘ) নিজেদের মধ্যে শিক্ষা ও শিখনের লক্ষ্যে প্রাপ্ত তথ্য-উপাত্ত ও প্রতিবেদন বিনিময় করা

৫. আলোচ্য কর্মসূচি বাস্তবায়নে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।

৬. সমরোতা স্মারকের মেয়াদ :

এই সমরোতা স্মারকের মেয়াদ হবে চুক্তির দিন ১৫ই জুন, ২০১৭ হতে পরবর্তী এক বছর, তবে পারস্পরিক আলোচনা ও লিখিত সিদ্ধান্তের ভিত্তিতে বাড়ানো বা কমানো যেতে পারে।

৭. সমরোতা স্মারকের আলোকে কার্যক্রম বাস্তবায়ন কৌশল :

ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম (ইউডিপি), নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রকার ইস্যু ভিত্তিক কার্যক্রম উভয় পক্ষের আলোচনার ভিত্তিতে যৌথভাবে আয়োজন করবে বা আয়োজনে সহযোগিতা প্রদান করবে।

৮. সমরোতা স্মারকের সংশোধন, পরিবর্ধন ও পরিমার্জন :

সমরোতা স্মারকটি উভয় পক্ষের আলোচনা ও লিখিত সিদ্ধান্তের ভিত্তিতে ও সমতি সাপেক্ষে সংশোধন, পরিবর্ধন ও পরিমার্জন যোগ্য বলে বিবেচিত হবে।


৯. সমরোতা স্মারক বাতিল :

যে কোন পক্ষ উপযুক্ত কারণ বর্ণনা সাপেক্ষে ৩০ দিনের লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে সমরোতা স্মারক বাতিল করতে পারবে।

১০. দ্বন্দ্ব নিরসন ও বিরোধ নিষ্পত্তি :


সমরোতা স্মারকের কোনরূপ ব্যাখ্যা প্রয়োজন হলে বা সাংঘর্ষিক কোন বিষয় সৃষ্টি হলে উদ্ভূত পরিস্থিতিতে উভয়পক্ষ সেটি নিরসনের সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখবে।

স্বাক্ষর :


MD. AHSANUZZAMAN


(আহমেদ আখতারজামান)
উপ-পরিচালক(গবেষণা ও সমন্বয়), অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

স্বাক্ষর :



MD. HOSSAIN 15.6.2017

(হাছিলা মোশরফা)
কর্মসূচি প্রধান
আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম, ব্র্যাক

স্বাক্ষর :


MD. MOSTAQ
মোঃ জাহাঙ্গীর আলি
সিনিয়র জিওগ্রাফিক
নগর উন্নয়ন অধিদপ্তর
গৃহায়ন ও গণপুর্ত মন্ত্রণালয়

নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা


MD. SAJAL KUMAR SAHA
ম্যানেজার পার্টনারশীপ
আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম, ব্র্যাক